গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়
আইটি সেল
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

## যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের ইনোভেশন টিমের সভার কার্যবিবরণী

| | |
|---|---|
| সভাপতি | মোঃ রফিকুল ইসলাম<br>অতিরিক্ত সচিব (প্রশাসন) ও চিফ ইনোভেশন অফিসার |
| সভার তারিখ | ২৭/০৬/২০২১ খ্রি: |
| সভার সময় | বিকাল ০৩:০০ টা |
| স্থান | যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের সভাকক্ষ/ভার্চুয়াল Zoom প্লাটফর্ম |
| উপস্থিতি | পরিশিষ্ট ''ক'' দ্রষ্টব্য। |

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে ইনোভেশন টিমের সভার কার্যক্রম শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে ইনোভেশন টিমের সদস্য-সচিব বিগত ১৫/০৩/২০২১ তারিখের ইনোভেশন টিমের সভার কার্যবিবরণী পাঠ করেন এবং কার্যবিবরণীতে কোনরূপ সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয়। সদস্য-সচিব আরো জানান যে, গত সভায় গৃহীত ৪টি সিদ্ধান্তের মধ্যে সবকয়টি সিদ্ধান্ত বাস্তবায়নের কার্যক্রম চলমান রয়েছে। বর্তমান কোভিড-১৯ করোনা মহামারীর ভিতরও সভার সিদ্ধান্তের আলোকে দপ্তর/সংস্থা কার্যক্রম গ্রহণ করেছে। সেপ্রেক্ষিত সঠিকভাবে বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২০-২১ অনুযায়ী কার্যক্রম সম্পন্ন করলে বিগত সভার সকল সিদ্ধান্তসমূহ জুন/২০২১ মাসের মধ্যে ১০০% বাস্তবায়িত হবে। তিনি আরও উল্লেখ করেন যে, মন্ত্রণালয়ে ০৯ জুন ২০২১ তারিখে অনলাইনে ইনোভেশন শোকেসিং সফল ভাবে অনুষ্ঠিত হয়েছে। তিনি উল্লেখ করেন যে, উদ্ভাবন প্রদর্শনী (শোকেসিং) সাধারণত সরাসরি সেবা গ্রহনকারী ও সেবাপ্রদানকারীর সম্মুখে প্রদর্শন করা হয়। বর্তমান কোভিড পরিস্থিতির কারণে সেটি স্থগিত ছিল। পরবর্তীতে মন্ত্রিপরিষদ বিভাগ থেকে মৌখিকভাবে জানানো হয়, প্রয়োজনে উদ্ভাবন প্রদর্শনী (শোকেসিং) অনলাইনে করা যেতে পারে। সেপ্রেক্ষিতে অনলাইন প্লাটফর্ম zoom-এ উদ্ভাবন শোকেসিং-এর আয়োজন করা হয়। মন্ত্রণালয়ের সহকারী প্রোগ্রামার জনাব এ. এফ. এম. আতাউল কিবরিয়া কর্তৃক (১) "অনলাইনে সভা কক্ষ বরাদ্দ" ই-সেবা, প্রোগ্রামার জনাব অমলেন্দু বিশ্বাস কর্তৃক (২) "অর্জিত ছুটি মঞ্জুরি" সহজিকৃতসেবা, ক্রীড়া পরিদপ্তরের সহকারী পরিচালক জনাব মোঃ তারিকউজ্জামান কর্তৃক (৩) "ভিডিও রেফারেন্সের মাধ্যমে হকির কলা-কৌশল" এবং বিকেএসপি'র প্রভাষক (ইংরেজি) জনাব মোঃ আবু হেনা মোস্তফা কামাল, প্রভাষক (ইসলাম শিক্ষা) জনাব মোঃ মোশাররফ হোসেন ও অফিস তত্ত্বাবধায়ক জনাব জহিরুল ইসলাম কর্তৃক (৪) "অনলাইনের মাধ্যমে প্রশিক্ষণার্থী ভর্তি" এই চারটি সেবা নিয়ে উক্ত উদ্ভাবন শোকেসিং-এ প্রদর্শন করা হয়। উক্ত উদ্ভাবন শোকেসিং-এ মন্ত্রণালয়ের সিনিয়র সচিব, অনুবিভাগ প্রধান, ইনোভেশন টিমের সদস্যগণসহ দপ্তর/সংস্থার প্রধান, চিফ ইনোভেশন অফিসার, ইনেভেশন অফিসারগণ ও বিভিন্ন পর্যায়ের কর্মকর্তা/কর্মচারীগণ সংযুক্ত ছিলেন।

২। সদস্য-সচিব আরো জানান যে, গত ১৫ জুন ২০২১ তারিখে যুব উন্নয়ন অধিদপ্তরের প্রধান কার্যালয় কর্তৃক অনলাইনে আরও একটি ইনোভেশন শোকেসিং সফলভাবে অনুষ্ঠিত হয়েছে। উক্ত শোকেসিং-এ প্রধান কার্যালয়, যুব উন্নয়ন অধিদপ্তরের উপপরিচালক জনাব মোঃ শাহীনূর রহমান কর্তৃক (১) "ঋণ কার্যক্রমের অনলাইন রিপোর্টিং সিস্টেম", যুব উন্নয়ন অধিদপ্তরের ধানমন্ডি ইউনিট, ঢাকা এর থানা যুব উন্নয়ন কর্মকর্তা জনাব শেখ নওশের আলী কর্তৃক (২) "যুব সংগঠনের উদ্যেক্তাদের উৎপাদিত পণ্য বাজারজাতকরণে ব্যবসায়িক সমিতির সাথে যুব সংগঠনের লিংকেজ তৈরি" এবং যুব উন্নয়ন অধিদপ্তরের নরসিংদী সদর এর উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা জনাব নূরুন নাহার কর্তৃক দুইটি সেবা (৩)ক) "প্রশিক্ষনোত্তর আত্মকর্মসংস্থানে পারিবারিক পুঁজি গঠন" ও (৩)খ) "প্রশিক্ষণে গতিশীলতা আনয়নে যুব তথ্য ব্যাংক তৈরি" সেবায় উদ্ভাবন প্রদর্শন করা হয়। এরপর সংশ্লিষ্ট কর্মকর্তাগণ তাদের স্ব স্ব বার্ষিকউদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২০-২১ এর

বাস্তবায়ন অগ্রগতি Zoom প্লাটফর্মে সংযুক্ত সকলের সম্মুখে উপস্থাপন করেন।

৩। সভাপতি দপ্তর/সংস্থা থেকে প্রেরিত মে/২০২১ মাস পর্যন্ত বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২০-২১ এর অগ্রগতি প্রতিবেদন পর্যালোচনা করেন। এছাড়া তিনি 'বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২০-২১' অনুযায়ী সকল কার্যক্রম নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্ন করার জন্য বলেন। তিনি উল্লেখ করেন যে, সঠিকভাবে নির্ধারিত সময়ের মধ্যে কার্যক্রম সম্পন্ন করতে না পারলে, কর্মপরিকল্পনায় নম্বর ভিত্তিক যে মূলায়ন রয়েছে তাতে আমরা অনেক পিছিয়ে যাব এবং চূড়ান্ত লক্ষ্যমাত্রা অর্জনে ব্যর্থ হব। এছাড়া তিনি 'বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২০-২১' অনুযায়ী সকল কার্যক্রম নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্ন করে প্রতিটি কার্যক্রমের প্রমাণক ক্রম অনুযায়ী সংযুক্ত করে কর্মপরিকল্পনার বার্ষিক স্ব-মূল্যায়ন প্রতিবেদন ২০ জুলাই ২০২১ তারিখের পূর্বে মন্ত্রণালয়ে প্রেরণের অনুরোধ করেন।

৪। সভাপতিসহ সংযুক্ত সকলে মতামত ব্যক্ত করেন যে, ০৯ জুন ২০২১তারিখে ইনোভেশন শোকেসিং-এ প্রদর্শিত উপরিউক্ত চারটি সেবা এবং ১৫ জুন ২০২১ তারিখে যুব উন্নয়ন অধিদপ্তর কর্তৃক অনুষ্ঠিত ইনোভেশন শোকেসিং-এপ্রদর্শিত সেবাসমূহের সকল আইডিয়াই চমৎকার এবং প্রতিটি সেবারই সংশ্লিষ্ট উদ্ভাবক/সহজিকরণকারী কর্মকর্তাকে ইনোভেশন পুরস্কার দেওয়া যেতে পারে। এছাড়া শোকেসিংঅনুষ্ঠানে প্রদর্শিত উদ্ভাবন আইডিয়া সমূহেরমধ্য হতে যাচাই-বাছাই করে যুব উন্নয়ন অধিদপ্তরের নরসিংদী সদর এর উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা জনাব নুরুন নাহার কর্তৃক “প্রশিক্ষণে গতিশীলতা আনয়নে যুব তথ্য ব্যাংক তৈরি”, প্রোগ্রামার জনাব অমলেন্দু বিশ্বাস কর্তৃক “অর্জিত ছুটি মঞ্জুরি” সহজিকৃতসেবা, মন্ত্রণালয়ের সহকারী প্রোগ্রামার জনাব এ. এফ. এম. আতাউল কিবরিয়া কর্তৃক “অনলাইনে সভা কক্ষ বরাদ্দ” ই-সেবা-কে ২০২০-২১ অর্থবছরে শ্রেষ্ঠ উদ্ভাবন নির্বাচন করা যেতে পারে। সভাপতি আরো উল্লেখ করেন যে, ইনোভেশন বা সহজিকরণ একটি চলমান প্রক্রিয়া। প্রতিনিয়ত সেবা প্রদান প্রক্রিয়ায় সেবা প্রদানের সুবিধার্থে নতুন ইনোভেশন বা ধাপ কমিয়ে সহজিকরণ করা সম্ভব। সভাপতি পরবর্তী বছরে মন্ত্রণালয় ও দপ্তর/সংস্থার আরও কয়েকটি সেবার সম্ভাব্য ধাপ কমিয়ে সহজিকরণ ও সেবা প্রক্রিয়ায় উদ্ভাবন যোগ করে সেবা প্রদান প্রক্রিয়া আরও সহজিকরনে কার্যক্রম গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করেন।

৫। সভাপতি বার্ষিক কর্মসম্পাদন চুক্তি(এপিএ) ২০২১-২২ এর নতুন কাঠামো ও নির্দেশিকা অনুযায়ী "ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২১-২২" এর “অসাধারণ” লক্ষ্যমাত্রা অর্জনে উদ্ভাবনী ধারণা বাস্তবায়ন, সেবা সহজিকরণ, সেবা ডিজিটাইজেশন, ই-নথির ব্যবহার বৃদ্ধি, ৪র্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলায় করণীয় বিষয়, ই-নথির ব্যবহার বৃদ্ধি, তথ্য বাতায়ন যথাসময়ে হালনাগাদকরণসহ সকল কার্যক্রম "ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২১-২২" অনুযায়ী নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্ন করার জন্য পদক্ষেপ গ্রহণের জন্য বলেন। তিনি আরও উল্লেখ করেন যে, অর্থবছরের শুরুতে বাস্তবায়ন পরিকল্পনা গ্রহণ করে "ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২১-২২”-এ উল্লিখিত সময়ের মধ্যে আমাদের সকল নির্ধারিত কাজগুলো সেরে ফেলতে হবে। তিনি এ বিষয়ে সকলকে একসাথে কাজ করার নির্দেশনা প্রদান করেন।

৬। বিস্তারিত আলোচনা শেষে সভায় নিম্নলিখিত সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

| | |
|---|---|
| (ক) | প্রত্যেক দপ্তর/সংস্থা 'বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২০-২১' অনুযায়ী সকল কার্যক্রম নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্ন করে ১৫ জুলাই ২০২১ তারিখের পূর্বে স্ব-মূল্যায়ন করবে এবং স্ব-মূল্যায়ন সম্পন্ন করে প্রতিটি কার্যক্রমের প্রমাণক ক্রম অনুযায়ী সংযুক্ত করে কর্মপরিকল্পনার বার্ষিক স্ব-মূল্যায়ন প্রতিবেদন ২০ জুলাই ২০২১ তারিখের পূর্বে মন্ত্রণালয়ে প্রেরণে করবে। |
| (খ) | মন্ত্রণালয় ও আওতাধীন প্রত্যেক দপ্তর/সংস্থার ইনোভেশন টিমের পূর্ণাঙ্গ তথ্যসহ বছরভিত্তিক উদ্ভাবন, সেবা সহজিকরণ এবং বাস্তবায়িত ডিজিটাল-সেবা/ই-সেবার তথ্য নিয়মিত ওয়েবসাইটে আপলোড/ হালনাগাদ করবে। |
| (গ) | প্রত্যেক দপ্তর/সংস্থা নিজ দপ্তরের বর্তমান ইনোভেশন টিমের সকল সদস্যের নাম, পদবী, ফোন, মোবাইল ও ই-মেইলের তথ্য মন্ত্রণালয়ে প্রেরণ করবে। |

| | |
|---|---|
| (ঘ) | মন্ত্রণালয়ে ০৯/০৬/২০২১ তারিখে অনুষ্ঠিত শোকেসিং অনুষ্ঠানে প্রদর্শিত আইডিয়াগুলো এবং যুব উন্নয়ন অধিদপ্তর কর্তৃক ১৫/০৬/২০২১ তারিখে অনুষ্ঠিত শোকেসিং অনুষ্ঠানে প্রদর্শিত উদ্ভাবন আইডিয়াসমূহের মধ্য হতে যাচাই-বাছাই করে যুব উন্নয়ন অধিদপ্তরের নরসিংদী সদর এর উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা জনাব নূরুন নাহার কর্তৃক "প্রশিক্ষণে গতিশীলতা আনয়নে যুব তথ্য ব্যাংক তৈরি", মন্ত্রণালয়ের সহকারী প্রোগ্রামার জনাব এ. এফ. এম. আতাউল কিবরিয়া কর্তৃক "অনলাইনে সভা কক্ষ বরাদ্দ" ই-সেবা এবং প্রোগ্রামার জনাব অমলেন্দু বিশ্বাস কর্তৃক "অর্জিত ছুটি মঞ্জুরি" সহজিকৃতসেবা-কে ২০২০-২১ অর্থবছরে শ্রেষ্ঠ উদ্ভাবন নির্বাচন করা হলো। |
| (ঙ) | মন্ত্রণালয়ের সিনিয়র সচিব মহোদয়ের অনুমোদন সাপেক্ষে প্রতিটি আইডিয়ার সংশ্লিষ্ট উদ্ভাবক/সহজিকরণকারী কর্মকর্তাকে ইনোভেশন/উদ্ভাবন পুরস্কার ২০২০-২১ দিতে হবে। |
| (চ) | বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) ২০২১-২২ এর নতুন কাঠামো ও নির্দেশিকা অনুযায়ী "ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২১-২২" এর "অসাধারণ" লক্ষ্যমাত্রা অর্জনে পরিকল্পনা গ্রহণ করে সকল কার্যক্রম নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্ন করতে হবে। |
| (ছ) | প্রত্যেক দপ্তর/সংস্থাকে ইতঃপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবা সংক্রান্ত (বর্তমান অবস্থা ও সহজিকরণ/ডিজিটাইজ/ উদ্ভাবনের ফলে কী ফলাফল পাওয়া যাচ্ছে সে বিষয়ে সংশ্লিষ্টঅংশীজনদের সাথে মতামতসহ) পর্যালোচনা সভা ৩০/০৮/২০২১ তারিখের পূর্বে আয়েজন করতে হবে এবং সভার কার্যবিবরণী মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। |

৭। সভায় অন্য কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ দিয়ে সভার কার্যক্রম শেষ করেন।

মোঃ রফিকুল ইসলাম
অতিরিক্ত সচিব (প্রশাসন) ও চিফ ইনোভেশন অফিসার

স্মারক নম্বর: ৩৪.০০.০০০০.০৪৬.৩৩.০০৩.১৭.২৪৯

তারিখ: ১৩ আষাঢ় ১৪২৮
২৭ জুন ২০২১

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) সচিব, সমন্বয় ও সংস্কার, সচিব, সমন্বয় ও সংস্কার, মন্ত্রিপরিষদ বিভাগ, ঢাকা।
২) মহাপরিচালক , যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
৩) মহাপরিচালক, শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট, সাভার, ঢাকা।
৪) মহাপরিচালক, বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠান, সাভার, ঢাকা।
৫) সচিব, জাতীয় ক্রীড়া পরিষদ, ঢাকা।
৬) সচিব (অতিরিক্ত দায়িত্ব), বঙ্গবন্ধু ক্রীড়াসেবী কল্যাণ ফাউন্ডেশন, ঢাকা।
৭) পরিচালক, ক্রীড়া পরিদপ্তর, ঢাকা।
৮) যুগ্মসচিব, উন্নয়ন অধিশাখা, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা।
৯) উপসচিব, ক্রীড়া অধিশাখা, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা।
১০) উপসচিব, যুব অধিশাখা, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা।
১১) সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা।
১২) সিনিয়র সহকারী সচিব , প্রশাসন-১ শাখা, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়
১৩) সহকারী প্রোগ্রামার, আইসিটি শাখা, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা।
১৪) অতিরিক্ত সচিব (প্রশাসন) এর ব্যক্তিগত কর্মকর্তা, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা।

অমলেন্দু বিশ্বাস
প্রোগ্রামার (সংযুক্ত)